

## মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

৬নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি : জনাব মোঃ শাহিনুর রহমান কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, মন্ডলপাড়া ০৬নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা - ১৫/০৯/২০২১ খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

### আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

২। রাস্তা ও ড্রেন মেরামত ও পরিষ্কার করন প্রসঙ্গে।

৩। মশক নির্ধন ও ডাষ্টবিন স্থাপন প্রসঙ্গে।


৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসঙ্গে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগিতা করবে। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য জনাব মোঃ সানোয়ার হোসেন বলেন ৬নং ওয়ার্ডের কাশব পাড়া একটু বৃষ্টি হলেই রাস্তায় অনেক পানি বেধে যায় এই পানি আগে বাগানে চলে যেত বর্তমানে উক্ত স্থানে	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		রাস্তা হওয়ায় পানি বাহির হতে পারে না উক্ত স্থানে জরুরী ভাবে ড্রেন নির্মান করার প্রয়োজন। সদস্য জনাব মোঃ সাহেদুর জামান বলেন টিএনটি রোড হতে মন্ডলপাড়া পর্যন্ত ড্রেন করা কুবই জরুরী একটু বৃষ্টি হলেই এলাকার জনসাধারন খুবই ভোগান্তি হয়। তাছাড়া ৬নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারণ কার্যক্রম জোরদারসহ অত্র এলাকায় দ্রুত সড়ক বাতি প্রতিস্থাপনের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করন।		
০৩	মশক নির্ধন ও ডাষ্টবিন স্থাপন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন উপ-সহকারী প্রকৌশলী। তিনি সকলকে শুভেচ্ছা জানান শহরের মশার উপদ্রপ বেশি হওয়ায় মশক নির্ধনের জন্য বিশ প্রয়োগের কার্যক্রম চালু রয়েছে। এবং শহরের বেশকিছু গুরুত্বপূর্ণ জায়গায় ডাষ্টবিন বসানো হয়েছে বাড়ি বাড়ি ময়লা আবর্জনা নেওয়ার কার্যক্রম চালু হয়েছে। সকল সদস্য পৌর-পরিষদকে ধন্যবাদ জানান।	শহর সমন্বয় কমিটি এবং পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমস্যা সমূহ সমাধানের সুপারিশ করা হয়।	সচিব
০৪	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরণ করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ শাহিনুর রহমান)  
 সভাপতি(WC)

ও  
 ৬নং ওয়ার্ড কাউন্সিলর  
 মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১৫/০৯/২০২১, ইং সময় বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	শিউলী
২	জনাব মোঃ সানোয়ার হোসেন	ক্যাশবপাড়া, মেহেরপুর	সানোয়ার হোসেন
৩	জনাব উজ্জল কুমার	ক্যাশবপাড়া, মেহেরপুর	উজ্জল
৪	জনাব মোঃ সালেকুর	ক্যাশবপাড়া, মেহেরপুর	
৫	জনাব মোঃ সাহেদুর জামান	ফৌজদারীপাড়া, মেহেরপুর	সাহেদুর জামান
৬	জনাব মোছাঃ দিলয়ারা খাতুন	ক্যাশবপাড়া, মেহেরপুর	দিলয়ারা
৭	জনাব মোছাঃ হোসনেয়ারা খাতুন	ক্যাশবপাড়া, মেহেরপুর	
৮	জনাব নাসরিন	বড় বাজার, মেহেরপুর	নাসরিন
৯	জনাব মোঃ শহিদুল ইসলাম	সার্ভেয়ার, মেহেরপুর পৌরসভা	শহিদুল ইসলাম
১০	জনাব,মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর ও সভাপতি	শাহিনুর রহমান